-ঃ গাইবান্ধা সদর উপজেলা পরিষদের মার্চ, ২০২৩ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি : শাহ সারোয়ার কবীর
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

তারিখ : ২০ মার্চ, ২০২৩ সকাল ১০:৩০ টা।

স্থান : হলরুম, উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন, গাইবান্ধা সদর, গাইবান্ধা।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক' হাজিরা) ঃ**

জনাব শাহ সারোয়ার কবীর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধার সভাপতিত্বে মার্চ, ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ধারাবাহিকভাবে সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা আগামী ২২ মার্চ, ২০২৩ তারিখে সারাদেশ ব্যাপী অনলাইনে যুক্ত হয়ে মাননীয় প্রধানমন্ত্রী ভূমিহীন ও গৃহহীন পরিবার অর্থাৎ 'ক' শ্রেণির পরিবারের মধ্যে জমিসহ গৃহ প্রদান করবেন। এ দিন গাইবান্ধা সদর উপজেলার ১০৩ (একশত তিন) টি গৃহ হস্তান্তর হবে। উক্ত অনুষ্ঠানে সকাল ৯.০০ টা হতে গাইবান্ধা সদর উপজেলায় শুরু হবে এবং উক্ত অনুষ্ঠানে সকলকে উপস্থিত থাকার জন্য তিনি সভায় সকলকে আমন্ত্রণ জানান। অতঃপর সভায় উপজেলা নির্বাহী অফিসার সভার আলোচ্যসূচি মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর মাসিক সভার কার্যক্রম পরিচালনা করেন।

| নং | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ** উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা ফেব্রুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন। | ফেব্রুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী/ সংযোজনী/ পরিমার্জন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতভাবে দৃঢ়করণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |

২. **উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরে ফেব্রুয়ারি, ২০২৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী ঃ**

| নং | বিবরণ | % | (টাকা) |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যানের সম্মানী | | ৪০০০০.০০ |
| ০২ | ভাইস চেয়ারম্যানদের সম্মানী | | ৫৪০০০.০০ |
| ০৩ | আপ্যায়ন ব্যয় | | ৭৮০০০.০০ |
| ০৪ | মালি ও ঝাড়ুদারের মজুরি | | ২৮৬০০.০০ |
| ০৫ | আনুষঙ্গিক ব্যয় | | ৫০০০.০০ |
| ০৬ | আসবাবপত্র মেরামত বিল | | ২৪৫০০.০০ |
| ০৭ | পত্রিকা বিল | | ৪০৩৮৮.০০ |
| ০৮ | আনসারদের ব্যারাক নির্মাণ বিল | | ৬৪৭৩০১.০০ |
| সর্বমোট: (মাত্র নয়লক্ষ সতের হাজার সাতশত উননব্বই টাকা) | | | ৯,১৭,৭৮৯.০০ |

সিদ্ধান্তঃ ফেব্রুয়ারি, ২০২৩ মাসের আয়-ব্যয়সমূহ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো এবং বিধিমতে ব্যয় পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

৩. **বিভিন্ন দপ্তর ও বিভাগ সম্পর্কিত আলোচনাঃ**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি সভায় স্বাস্থ্য বিভাগের বিভাগীয় অগ্রগতি উপস্থাপন করেন। কোভিডের বুস্টার ডোজের স্বল্পতার কারণে প্রদান করা হচ্ছে না। বাচ্চাদের জন্য ফাইজার টিকা প্রদান অব্যাহত রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| **৩.২ উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, মাননীয় প্রধানমন্ত্রী অনাবাদী ও পতিত জমি চাষে আওতায় আনার জন্য নির্দেশনার প্রদান করেছেন। সেজন্য তিনি সংশ্লিষ্ট সকলকে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সকলকে পতিত ও অনাবাদী জমিগুলো চাষের আওতায় আনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। বর্তমানে, দেশের আবহাওয়া অনুযায়ী কালবৈশাখী ঝড় হওয়ার সম্ভবনা থাকায় আলু, ভুট্টাসহ কর্তনযোগ্য সফল কর্তন করার জন্য পরামর্শ প্রদান করেন। ০৩ (তিন) ফসলী জমিতে সোলার প্যানেল বা অন্য কোন উন্নয়ন অবকাঠামো স্থাপন না করার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। বিসিআইসি খুচরা সার ডিলার নিয়োগের জন্য সভার প্রাথমিক আলোচনা করেন এবং শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়া তার কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভাকে জানান। | ১. গাইবান্ধা সদর উপজেলার পতিত ও অনাবাদী জমি চাষে আওতায় আনতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।<br>২. তার দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখতে, কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করা এবং প্রণোদনা কর্মসূচি বাস্তবায়ন করার জন্য জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |
| **৩.৩ উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, আন্তঃমন্ত্রণালয় সভায় সারাদেশে ব্যাপী ৫০টি স্কুল বাছাই করে স্কুল ফিডিং প্রোগ্রাম চালু করার নির্দেশনা রয়েছে। গাইবান্ধা সদর উপজেলার কামারজানী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জনাব মাহাবুব আরা বেগম গিনি, এমপি ও মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ মহোদয় আগামী ২২ মার্চ, ২০২৩ তারিখে এই প্রোগ্রামের শুভ উদ্বোধন করার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা প্রাণি অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গাইবান্ধা সদর। |

| নং | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৪ উপজেলা মৎস্য বিভাগঃ | | | |
| | গাইবান্ধা সদর উপজেলার নবযোগদানকৃত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় নিজের পরিচয় প্রদান করেন। অতঃপর তিনি বলেন যে, গাইবান্ধা সদর উপজেলা কামারজানী পয়েন্ট জাটকা পাওয়া যাচ্ছে। সরকার নভেম্বর,২০২২-জুন,২০২৩ পর্যন্ত জাটকা ধরা, সংরক্ষণ, পরিবহন ও বিক্রয় নিষিদ্ধ ঘোষণা করেছে। এ জন্য নিয়মিত বাজারগুলো মনিটরিং করা হচ্ছে। এছাড়া গাইবান্ধা সদর উপজেলার মৎস্য চাষীদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গাইবান্ধা সদর |
| ৩.৫ উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ | | | |
| | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার প্রতিনিধি জানান তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এরপর তিনি তার বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন, বিভাগীয় কার্যক্রমে বিভিন্ন পদ্ধতি গ্রহণ ও সক্ষম দম্পতিদেরকে পরামর্শ দেয়ার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| ৩.৬ উপজেলা এলজিইডি বিভাগঃ | | | |
| | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধা তার দপ্তরের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন যে, গাইবান্ধা সদর উপজেলার বিভিন্ন স্থানে রাস্তা, ব্রীজ ও স্কুলের ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। নতুন করে ১২টি স্কুলের কাজ শুরু হবে। ০২টি ভূমি অফিসের কাজ চলমান রয়েছে। তন্মধ্যে ০১টি কাজ প্রায় শেষ পর্যায়ে এসে গেছে। বাদিয়াখালী হাটের কাজ শেষ পর্যায়ে রয়েছে। এডিপি'র দরপত্র কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে রয়েছে। তিনি প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। আগামী মে, ২০২৩ মাসের মধ্যেই সকল প্রকল্প বাস্তবায়ন করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। গাইবান্ধা সদর উপজেলা পরিষদের চত্ত্বরে পুরাতন, জরাজীর্ণ ও পরিত্যাক্ত বিএডিসি'র গোডাউন অপসারণ করা প্রয়োজন মর্মে তিনি সভায় উল্লেখ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত গোডাউনটি অপসারণের বিষয়ে একমত পোষণ করা হয়। তিনি বলেন যে, (ক) উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা শিক্ষা অফিস মেরামত ও রংকরণ করার জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ) টাকা; (খ) উপজেলা মৎস্য অফিস ও উপজেলা দারিদ্র বিমোচন অফিস সংস্কারের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ) টাকা; (গ) উপজেলা পরিষদের উত্তর-পশ্চিম পার্শ্বে বাউন্ডারি ওয়ালের উপরে কাঁটাতারের বেড়া ও রংকরণ করার জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (ঘ) উপজেলা পরিষদের পূর্ব-দক্ষিণ পার্শ্বে বাউন্ডারি ওয়ালের উপরে কাঁটাতারের বেড়া ও রংকরণ করার জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (ঙ) উপজেলা পরিষদের চত্তরে অবস্থিত পুকুরের পূর্ব পার্শ্বে ঘাটলা নির্মানের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (চ) উপজেলা পরিষদের চত্তরে অবস্থিত পুকুরের দক্ষিণ পার্শ্বে ঘাটলা নির্মানের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (ছ) উপজেলা পরিষদের চত্তরে অবস্থিত পুকুরের পশ্চিম পার্শ্বে ঘাটলা নির্মানের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ) টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এবং এছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১) ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় গৃহীত প্রকল্পসমূহ মে, ২০২৩ মাসের মধ্যেই কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো;<br>২) বিএডিসি'র অনাপত্তি গ্রহণপূর্বক গাইবান্ধা সদর উপজেলা পরিষদের চত্বরে পুরাতন, জরাজীর্ণ ও পরিত্যাক্ত বিএডিসি'র গোডাউন অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে এবং তাঁর দপ্তরের কাজ স্বাভাবিক রাখতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে অনুরোধ করা হলো;<br>৩) (ক) উপজেলা সমাজসেবা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা শিক্ষা অফিস মেরামত ও রংকরণ করার জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ) টাকা; (খ) উপজেলা মৎস্য অফিস ও উপজেলা দারিদ্র বিমোচন অফিস সংস্কারের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ) টাকা; (গ) উপজেলা পরিষদের উত্তর-পশ্চিম পার্শ্বে বাউন্ডারি ওয়ালের উপরে কাঁটাতারের বেড়া ও রংকরণ করার জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (ঘ) উপজেলা পরিষদের পূর্ব-দক্ষিণ পার্শ্বে বাউন্ডারি ওয়ালের উপরে কাঁটাতারের বেড়া ও রংকরণ করার জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (ঙ) উপজেলা পরিষদের চত্তরে অবস্থিত পুকুরের পূর্ব পার্শ্বে ঘাটলা নির্মানের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (চ) উপজেলা পরিষদের চত্তরে অবস্থিত পুকুরের দক্ষিণ পার্শ্বে ঘাটলা নির্মানের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ); (ছ) উপজেলা পরিষদের চত্তরে অবস্থিত পুকুরের পশ্চিম পার্শ্বে ঘাটলা নির্মানের জন্য ৫,০০,০০০/- (মাত্র পাঁচ লক্ষ) টাকার প্রকল্প বাস্তবায়নের জন্য সরকারি বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহ অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সদর, ও সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |
| ৩.৭ উপজেলা শিক্ষা অফিসঃ | | | |
| | উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, বর্তমানে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.৮ উপজেলা রিসোর্স সেন্টার ঃ | | | |
| | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় তার বিভাগীয় অগ্রগতি উপস্থাপন করেন। তিনি বলেন উপজেলা রিসোর্স সেন্টার, গাইবান্ধা সদর, গাইবান্ধায় ২০২২-২৩ অর্থ বছরের ফেব্রুয়ারী-২০২৩ মাসে বিষয়ভিত্তিক ইংরেজি (TMTE) ০৩ ব্যাচ প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হয়েছে। মার্চ-২০২৩ মাসে প্রশিক্ষণ খাতে বরাদ্দ না থাকায় প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। অত্র দপ্তরের অন্যান্য সাধারন দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে বিধি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা রিসোর্স ইন্সট্রাক্টর, গাইবান্ধা সদর, গাইবান্ধা |

চলমান পৃষ্ঠা-৩/৫

| নং | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.৯ উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ | | | |
| | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি বলেন যে, বর্তমানে টিআর ও কাবিখা প্রকল্পের মেয়াদ শেষ হয়েছে। সম্প্রতি সময় বর্ধিত করা হয়েছে। বর্ধিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করার জন্য তিনি সভাকে অবহিত করেন। অন্যাথায় এর জন্য কোন দায় অফিস গ্রহণ করবে না। সুশীলন নামে একটি এনজিও ইজিপিপি প্রকল্পের মনিটরিং-এর দায়িত্ব পেয়েছে। তারা ইজিপিপি প্রকল্পের কার্যক্রম মনিটরিং করবেন। | নির্দিষ্ট প্রাক্কলন ও ডিজাইন অনুসারে টিআর ও কাবিখার কাজ বর্ধিত সময়ের মধ্যে শেষ করার জন্য গাইবান্ধা সদর উপজেলার সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা। ও চেয়ারম্যান, ইউপি |
| ৩.১০ উপজেলা সমাজসেবা অধিদপ্তরঃ | | | |
| | উপজেলা সমাজসেবা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিদ্যমান ভাতাভোগীদের ভাতার অর্থ শীঘ্রই সংশ্লিষ্ট ভাতাভোগীর মোবাইল নম্বরে প্রেরণ করা হয়েছে। ভাতাভোগীরা ঈদের আগেই তার নিজ নিজ মোবাইল নম্বরে ভাতার টাকা পাবেন। মোবাইল নম্বর সচল রাখতে এবং মোবাইলের পিন নম্বর নির্ভরযোগ্য ব্যক্তি ছাড়া অন্য কারো নিকট প্রকাশ না করার বিষয়টি প্রচার ও উপকারভোগীদের পরামর্শ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানের অনুরোধ করেন। | ১. সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হলো।<br>২. ভাতাভোগীদের মোবাইল নম্বর সচল রাখতে এবং মোবাইলের পিন নম্বর নির্ভরযোগ্য ব্যক্তি ছাড়া অন্য কারো নিকট প্রকাশ না করার বিষয়টি প্রচার ও উপকারভোগীদের পরামর্শ প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানের অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, ইউপি চেয়ারম্যান (সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.১১ উপজেলা খাদ্য বিভাগ: | | | |
| | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা এ উপজেলায় নতুন যোগদান করেছেন মর্মে জানান এবং নিজের পরিচয় প্রদান করেন। সভায় আমন সংগ্রহের লক্ষমাত্রা শতভাগ অর্জিত হয়েছে মর্মে সভাকে জানান। তিনি আরো জানান যে, ২০৪৬১ জন উপকারভোগীদের মধ্যে ওএমএস বিতরণ কাজ অব্যাহত রয়েছে। উক্ত উপকারভোগীদের অনলাইন যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন হয়েছে। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য এবং সরকারি বিধিমতে মজুদ কার্যক্রম পরিচালনা ও তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.১২ উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ | | | |
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে নিয়মিত উঠান বৈঠক, হোম ভিজিট ও অভিভাবক সমাবেশ আয়োজন করা হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক এবং স্কুলগুলোতে মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সদর। |
| ৩.১৩ উপজেলা জনস্বাস্থ্য বিভাগ: | | | |
| | উপসহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য বিভাগ, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, বর্তমানে টিউবয়েলের বরাদ্দ আসছে। তিনি দ্রুত উপজেলা ওয়াটসান কমিটি সভা আহ্বানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আরো জানান যে, মুজিববর্ষ উপলক্ষ্যে গাইবান্ধা সদর উপজেলার আশ্রয়ন কেন্দ্রগুলো নলকূপ স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া তার দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবেই চলছে। | উপজেলা ওয়াটসান কমিটির সভা আহ্বানের জন্য উপসহকারী প্রকৌশল, জনস্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর, গাইবান্ধা সদর |
| ৩.১৪ উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ | | | |
| | উপজেলা যুব অফিসার জানান যে, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, মহিলাদের জন্য পোষাক তৈরি, গবাদি পশুপালন, ইলেকট্রিক, কম্পিউটার, মৎস্য ও কৃষি এবং ড্রাইভিং ইত্যাদি ট্রেডে প্রশিক্ষণ চলমান রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| ৩.১৫ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর: | | | |
| | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা সভায় তার বিভাগীয় অগ্রগতি তুলে ধরেন এবং তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে সরকারি ঋণ আদায়ের হার বৃদ্ধি, সার্টিফিকেট মামলাসমূহ নিষ্পত্তি, বিধিমতে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, গাইবান্ধা সদর |
| ৩.১৬ উপজেলা সমবায় বিভাগ: | | | |
| | উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আশ্রয়ণ প্রকল্পের অধীন গাইবান্ধা সদর উপজেলার ০৯টি সমবায় সমিতি নিবন্ধন করা হয়েছে। | সরকারি নির্দেশনামতে অফিস পরিচালনা করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় অফিসার, গাইবান্ধা সদর। |
| ৩.১৭ উপজেলা পরিসংখ্যান অফিস: | | | |
| | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, বর্তমানে তার দপ্তরে স্বাক্ষরতা জরিপের কাজ চলমান রয়েছে। গাইবান্ধা সদর উপজেলার ৪৮টি মাধ্যমিক স্কুলের ৯ম ও ১ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ট্যাব বিতরণ করা হবে। এ বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা পরিসংখ্যান তদন্তকারীকে অনুরোধ করা হলো এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান তদন্তকারী, গাইবান্ধা সদর। |

| নং আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **৩.১৮ উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে সভায় অনুপস্থিত পাওয়া গেলো। তার অনুপস্থিতির বিষয়ে দুঃখ প্রকাশ করা হয়। পরবর্তী সভায় তাকে উপস্থিত থেকে বিভাগীয় অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো। | তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, গাইবান্ধা সদর |
| **৩.১৯ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তিনি নিম্নবর্ণিতভাবে বিগত মাসের বিভাগীয় অগ্রগতি সভায় উপস্থাপন করেন। | দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে এবং বিধিমতে ঋণ বিতরণ ও আদায় করার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.২০ সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।**<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা সভায় তার বিভাগীয় অগ্রগতি তুলে ধরেন। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধাকে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন, নার্সারি ও প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা। |
| **৩.২১ পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখাঃ**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর উপজেলা শাখা, গাইবান্ধা তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভায় জানান। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর, গাইবান্ধাকে ঋণ বিতরণ ও তদানুযায়ী আদায়ের হার বৃদ্ধি করার জন্য এবং পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা সদর |
| **৩.২২ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ**<br>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প জানান যে, বরাদ্দপ্রাপ্তদের সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রমগুলো সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। উক্ত প্রশিক্ষণ কার্যক্রমগুলোর বিল ভাউচারগুলোর প্রকল্প মনিটরিং ইউনিটে প্রেরণ করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। | প্রশিক্ষণ কার্যক্রমগুলোর বিল ভাউচারগুলোর প্রকল্প মনিটরিং ইউনিটে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও ইউডিএফ, সদর, গাইবান্ধা |
| **৩.২৩ তথ্য আপা প্রকল্পঃ**<br>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা বলেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | তার দপ্তরের কার্যক্রম অব্যাহত রাখতে উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, গাইবান্ধা সদরকে অনুরোধ করা হলো। | তথ্য সেবা কর্মকর্তা, গাইবান্ধা সদর |
| **৩.২৪ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ**<br>ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তাদের কার্যক্রম স্বাভাবিক আছে মর্মে জানান। চেয়ারম্যান, বাদিয়াখালী ইউপি জানান যে, বাদিয়াখালী মা ও শিশু কল্যাণ কেন্দ্রে চুরি হয়েছে এবং সেখানে গিয়ে জানা যায় যে সেখানে কোন নিরাপত্তা কর্মী নাই। তিনি উক্ত কেন্দ্রে নিরাপত্তা কর্মী প্রেরণের জন্য অনুরোধ করেন। চকবরুল মৌজায় স্লুইচ গেটে ফাটল দেখা গেছে এবং গেটটি খুবই ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে উক্ত গেটটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। তার ইউপির পুরাতন ভবনটি ওয়ার্কশন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভায় অনুরোধ করেন। চেয়ারম্যান, গিদারী ইউপি বলেন যে, উপপরিচালক, স্থানীয় সরকার, মহোদয় গাইবান্ধা সদর উপজেলার প্রত্যেকটি ইউনিয়ন পরিষদে ফুলের বাগান ও এজলাস নির্মান, চেয়ার এবং বসার রুমে টিভি স্থাপনের জন্য নির্দেশনা দিয়েছেন। রেজিয়া মার্কেট হতে দড়িচকগামী রাস্তায় ০১কিমি রাস্তা খুবই খারাপ উক্ত রাস্তাটি দ্রুত সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। চেয়ারম্যান, মালিবাড়ী ইউপি বলেন যে, তার ইউপিতে ৯নং ওয়ার্ডে অবস্থিত ক্লিনিকটি ভেঙ্গে আধুনিকায়ন করা হবে। কিন্তু উক্ত ক্লিনিকের জমিদাতা মারা গেছেন। তার বংশধরেরা কাজ করতে বাধা প্রদান করছে। চেয়ারম্যান, সাহাপাড়া ইউপি বলেন যে, তার ইউপিতে নলেয়া নদীর পশ্চিম পার্শ্বে ০৩টি গ্রাম রয়েছে। সেখানে যাতায়াতের ব্রীজ সংস্কার করার জন্য তিনি সভায় উল্লেখ করেন। তার ইউপির এ্যাম্বুলেন্সটি পুরাতন ও জরাজীর্ণ হয়েছে। উক্ত এ্যাম্বুলেন্সটি বর্তমানে ওয়ার্কশন করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাকে অনুরোধ করেন। | ১. তার ইউনিয়ন পরিষদে সেবা গ্রহীতাদের সেবা প্রদান অব্যাহত রাখতে চেয়ারম্যান, ইউপি সকলকে অনুরোধ করা হলো।<br>২. বাদিয়াখালী ইউপির পুরাতন ভবন ও সাহাপাড়া ইউপির এ্যাম্বুলেন্সটি ওয়ার্কশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রকৌশলী ও সকল ইউপি চেয়ারম্যান, গাইবান্ধা সদর |
| **৩.২৫ স্ট্যান্ডিং কমিটির সভা অনুষ্ঠানঃ**<br>উপজেলা পরিষদে ১৭টি স্ট্যান্ডিং কমিটিসমূহের উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এবং সদস্য-সচিব হচ্ছেন বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ। ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত সভা আহবান, কমিটির কার্যবিবরণী প্রস্তুতপূর্বক চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের অনুরোধ জানান। | স্ট্যান্ডিং কমিটির সভা আহবান, কার্য বিবরনী প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং স্ট্যান্ডিং কমিটির আপ্যায়ন বাবদ ৮,০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর |

| নং | আলোচনার বিষয়বস্তু | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.২৬ বিবিধ: | | | |
| | উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান যে, গত ২৩.০২.২০২৩ তারিখে গাইবান্ধা সদর উপজেলার হাট-বাজারসমূহের ০২ পর্যায়ের ইজারার কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এসময় ১টি হাটের জন্য দরপত্র বাক্সে দর পাওয়া যায় এবং তা একক দরদাতার নামে ইজারা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। গত ০৭.০৩.২০২৩ তারিখে আন্তঃইউনিয়ন ফেরীঘাটের ১ম পর্যায়ে ৪৩,৩৫,০০০/- (মাত্র তেতাল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকায় জনাব আরিফ মিয়া রিজু একক দরদাতা হিসেবে দরপত্র দাখিল করেন। সংশ্লিষ্ট ইজারা কমিটি তাকে আন্তঃইউনিয়ন ফেরীঘাটটি ইজারা দেওয়ার সিদ্ধান্ত প্রদান করে। অফিস সরঞ্জাম খাতে ৯,৭৫০/- (নয় হাজার সাতশত পঞ্চাশ) টাকা ব্যয় করা হয়েছে। ফাইল কেবিনেট মেরামত বাবদ ২৩,০০০/- (তেইশ হাজার টাকা) অফিস ও অফিস প্রাঙ্গণ পরিস্কার-পরিচ্ছন্নতা করতে ১২,০০০/- (বারো হাজার) টাকা ব্যয় করা হয়েছে। এছাড়া উপজেলা পরিষদের পুরাতন ভবনের ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে বৈদ্যুতিক বিভ্রাট দেখা বৈদ্যুতিক কেবলসমূহ দ্রুত পরিবর্তন করার প্রয়োজন পড়ে। এ বাবদ যথাক্রমে ২৪,৯০০+২৪,৬০০=৪৯,৫০০ (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকা এবং উক্ত কাজের মজুরির জন্য ৪,৫০০ (চার হাজার পাঁচশত) টাকা ব্যয় করা হয়েছে। হাট বাজার ইজারা জন্য সংশ্লিষ্ট সহকারী কর্তৃক ১,৩২,৩৫০/- (মাত্র এক লক্ষ বত্রিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকার বিল ভাউচার দাখিল করা হয়েছে। উপজেলা পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ে ফাইল ০১টি র‍্যাক ক্রয়ের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকার ব্যয় করা হয়েছে। উপজেলা পরিষদের দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োগকৃত কর্মচারীদের মজুরি প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আসন্ন ঈদুল ফিতরে তাদের প্রত্যেককে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে উৎসব ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়ির জ্বালানী বিল বাবদ জানুয়ারি-মার্চ, ২০২৩ মাস পর্যন্ত ৫% ভ্যাটসহ যথাক্রমে ২৪,৭১৩+৩৩,৭৬৩+২৪৭১২=৮৩,১৮৮/- (মাত্র তিরাশি হাজার একশত আটাশি) টাকার বিল পাওয়া গেছে। গাইবান্ধা সদর উপজেলার আন্তঃইউনিয়ন ফেরীঘাট ইজারার পত্রিকা বিজ্ঞপ্তি বিল বাবদ আজকের পত্রিকা কর্তৃক ভ্যাটসহ ৪১,৭০৪/- (একচল্লিশ হাজার সাতশত চার) টাকা, দৈনিক গাইবান্ধার দর্পন কর্তৃক ভ্যাটসহ ১৬,১০০/- (ষোল হাজার একশত) টাকার বিল পাওয়া গেছে। গাইবান্ধা সদর উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন হাট-বাজার ইজারার বিজ্ঞাপন বাবদ দৈনিক আজকালের খবর হতে ভ্যাটসহ ৪১,৪০০/- (এক চল্লিশ হাজার চারশত) টাকার বিল পাওয়া গেছে। | ১) আন্তঃইউনিয়ন ফেরীঘাটটি জনাব মো: আরিফ মিয়া রিজুর নামে ৪৩,৩৫,০০০/- (মাত্র তেতাল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকায় ইজারা প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২) অফিস সরঞ্জাম খাতে ৯,৭৫০/- (নয় হাজার সাতশত পঞ্চাশ) টাকা, আসবাবপত্র মেরামত খাতে ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা, অফিস প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্নতা বাবদ বর্জ্য ব্যবস্থাপনা খাতে ১২,০০০/- (বারো হাজার), বৈদ্যুতিক সরঞ্জাম ও মজুরি বাবদ আনুষঙ্গিক খাত হতে ৫৪,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, আসবাবপত্র খাত হতে ২০,০০০/- (বিশ হাজার), হাট-বাজার ইজারার জন্য নির্বাহকৃত ব্যয় বাবদ কর আদায় খাত হতে ১,৩২,৩৫০/- (এক লক্ষ বত্রিশ হাজার তিনশত পঞ্চাশ) এবং দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োগকৃত কর্মচারীদের ইদুল ফিতর, ২০২৩ উপলক্ষ্যে উৎসব ভাতা বাবদ প্রত্যেককে ১০,০০০/- (দশ হাজার) টাকা করে সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের দাপ্তরিক কাজে ব্যবহৃত গাড়ির জ্বালানী বিল বাবদ জানুয়ারি-মার্চ, ২০২৩ মাস পর্যন্ত ৫% ভ্যাটসহ যথাক্রমে ৮৩,১৮৮/- (মাত্র তিরাশি হাজার একশত আটাশি) টাকার বিল পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো<br>৪) হাট-বাজার ইজারা ও ফেরীঘাট ইজারার জন্য প্রাপ্ত বিজ্ঞপ্তি বিলসমূহ পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল, গাইবান্ধা সদর, গাইবান্ধা। |
| ৩.২৭ উপজেলা নির্বাহী অফিসার: | | | |
| | উপজেলা নির্বাহী অফিসার সভায় সকলকে উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য তিনি সকলকে আহবান করেন। জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২৫টি নির্দেশনা পাওয়া গেছে। উক্ত নির্দেশনাগুলোর মধ্যে খাদ্য উৎপাদন বৃদ্ধি, বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে সাশ্রয়ী, সরকারি অফিসসমূহে জনগনকে নির্বিঘ্ন সেবা প্রাপ্তি নিশ্চিতকরণ, সরকারি তহবিল ব্যবহারে কৃচ্ছতা সাধণ, পাঠদান কার্যক্রমের মনোন্নয়নে উদ্যোগ গ্রহণ, কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোকে কার্যকর করণ, সৃজনশীল চর্চা, দাপ্তরিক ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ, আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন, মাদক, জঙ্গিবাদ ও সন্ত্রাস দুর করণ, বাল্যবিবাহ, ইভটিজিং, খাদ্য ভেজাল, নকল পন্য তৈরি প্রতিরোধ ইত্যাদি বিষয়ে নির্দেশনা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর এসব নির্দেশনা বাস্তবায়নে প্রত্যেককেই নিজ নিজ স্থান থেকে দায়িত্ব পালন করতে তিনি উপস্থিত সকলকে অনুরোধ করেন। | ১. সভায় ধারাবাহিকভাবে দপ্তরভিত্তিক আলোচিত বিষয়ের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্তগুলো যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ বাস্তবায়নে প্রত্যেককেই নিজ নিজ স্থান থেকে দায়িত্ব পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| ৩.২৮ চেয়ারম্যান, উপজেলা পরিষদ: | | | |
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ও সভাপতি, উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা, গাইবান্ধা সদর, গাইবান্ধা জানান সভায় বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে। ধারাবাহিকভাবে আলোচিত বিষয়সমূহ বাস্তবায়নের জন্য তিনি সকলকে অনুরোধ করেন। | ধারাবাহিক আলোচিত বিষয়সমূহের প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট সকল |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(শাহ সারোয়ার কবীর)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক সাধারণ সভা
গাইবান্ধা সদর, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা
www.gaibandhasadar.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২২৪.০০১.০৬.০০১.১৯. ৩৫৮

তারিখ ঃ ০৬ চৈত্র ১৪২৯ / ২০ মার্চ ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। জনাব মাহাবুব আরা বেগম গিনি, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩০, গাইবান্ধা-০২, গাইবান্ধা সদর ও মাননীয় হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ, উত্তর পূর্ব ব্লক, কক্ষ নং-২২৩-২২৫, লেভেল-০২, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা ।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।
০৪। পরিচালক, স্থানীয় সরকার শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর ।
০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা ।
০৬। উপপরিচালক (উপপরিচালক), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা ।
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
০৯। উপজেলা ........................................... অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
১০। চেয়ারম্যান, ........................................... ইউপি (সকল), গাইবান্ধা সদর, গাইবান্ধা ।
১১। অফিস কপি।

২০/০৩/২৩
(মোঃ শরীফুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা।